চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা
চট্টগ্রাম
মোবাইল নং-০১৮২৪৪৭৭৬৯৩

(প্রেস বিজ্ঞপ্তি - ১)

করোনার দ্বিতীয় ঢেউ মোকাবেলায় সরকারের ১৮ দফা নির্দেশনা

নগরবাসীকে কঠোরভাবে পালন ও অনুসরণ করতে হবে-মেয়র

চট্টগ্রাম-৩০ মার্চ'২০২১খ্রিঃ

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী দেশে করোনাভাইরাসের সংক্রমণ উদ্বেগজনক হারে বৃদ্ধি পাওয়ায় সামাজিক, রাজনৈতিক, ধর্মীয়সহ সকল ক্ষেত্রে সব ধরণের জনসমাগম সীমিত করাসহ সরকার যে ১৮ দফা নির্দেশনা জারি করেছে, তা কঠোরভাবে অনুসরণের জন্য নগরবাসীর প্রতি আহ্বান জানিয়েছেন। তিনি এক বিবৃতিতে বলেন, কোভিড-১৯ এর দ্বিতীয় ঢেউয়ের নতুন ধরণের সংক্রমণের প্রভাব সারা বিশ্বের মতো আমাদের দেশে ও চট্টগ্রামে ছড়িয়ে পড়েছে। এ পরিস্থিতিতে সরকারের পক্ষ থেকে যে সকল নির্দেশনা জারি হয়েছে তা বাস্তবায়নে চট্টগ্রাম সিটি কর্পোরেশন সর্বোচ্চ সামর্থ্য ও সক্ষমতা অনুযায়ী সংক্রমণ প্রতিরোধে সবধরণের পদক্ষেপ গ্রহণ করবে। তিনি এই পদক্ষেপ সমূহ যথাযথভাবে পালন ও প্রয়োগ নিশ্চিত করার জন্য চসিক নির্বাচিত পরিষদের কাউন্সিলর ও কর্মকর্তাগণকে নির্দেশ দেন। তিনি সরকারের জারিকৃত ১৮ দফার নির্দেশনাগুলো নগরবাসীকে অবগত করিয়ে তার পুনরুল্লেখ করেন। নির্দেশনা গুলো হলোঃ সব ধরনের জনসমাগম সামাজিক/রাজনৈতিক/ ধর্মীয়/অন্যান্য সীমিত করতে হবে। উচ্চ সংক্রমণের এলাকায় সব ধরনের জনসমাগম নিষিদ্ধ থাকবে। বিয়ে-জন্মদিনসহ যে কোনো সামাজিক অনুষ্ঠান উপলক্ষে জনসমাগম নিরুৎসাহিত করতে হবে, মসজিদসহ সব ধর্মীয় উপাসনালয়ে যথাযথ স্বাস্থ্যবিধি পরিপালন নিশ্চিত করতে হবে, পর্যটন/বিনোদন কেন্দ্র/সিনেমা হল/থিয়েটার হলে জনসমাগম সীমিত করতে হবে এবং সব ধরনের মেলা আয়োজন নিরুৎসাহিত করতে হবে, গণপরিবহনে স্বাস্থ্যবিধি মেনে চলতে হবে এবং ধারণ ক্ষমতার ৫০ শতাংশের বেশি যাত্রী পরিবহন করা যাবে না। সংক্রমণের উচ্চ ঝুঁকির এলাকায় আন্তঃজেলা যান চলাচল সীমিত করতে হবে; প্রয়োজনে বন্ধ রাখতে হবে, বিদেশ থেকে আসা যাত্রীদের ১৪ দিন প্রাতিষ্ঠানিক (হোটেলে নিজ খরচে) কোয়ারেন্টিন নিশ্চিত করতে হবে, নিত্য প্রয়োজনীয় পণ্য খোলা/উন্মুক্ত স্থানে স্বাস্থ্যবিধি মেনে কেনা-বেচার ব্যবস্থা করতে হবে, ওষুধের দোকানেও যথাযথ স্বাস্থ্যবিধি মেনে চলা নিশ্চিত করতে হবে, স্বাস্থ্যসেবার প্রতিষ্ঠানগুলোতে মাস্ক পরাসহ যথাযথ স্বাস্থ্যবিধি পরিপালন নিশ্চিত করতে হবে, শপিং মলে ক্রেতা-বিক্রেতা সবাইর যথাযথ স্বাস্থ্যবিধি মেনে চলা নিশ্চিত করতে হবে, সব শিক্ষা প্রতিষ্ঠান প্রাক-প্রাথমিক, প্রাথমিক, মাদ্রাসা, মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠান, বিশ্ববিদ্যালয় ও কোচিং সেন্টার বন্ধ থাকবে, অপ্রয়োজনীয় ঘোরাফেরা/আড্ডা বন্ধ করতে হবে। জরুরি প্রয়োজন ছাড়া রাত ১০টার পর বাইরে বের হওয়া নিয়ন্ত্রণ করতে হবে, প্রয়োজনে বাইরে গেলে মাস্ক পরাসহ সব ধরনের স্বাস্থ্যবিধি পরিপালন নিশ্চিত করতে হবে। মাস্ক না পরলে কিংবা স্বাস্থ্যবিধি না মানলে আইনানুগ ব্যবস্থা নিতে হবে, করোনাভাইরাসে আক্রান্ত বা লক্ষণযুক্ত ব্যক্তির আইসোলেশন নিশ্চিত করতে হবে। আক্রান্ত ব্যক্তির ঘনিষ্ঠ সংস্পর্শে আসা অন্যদেরও কোয়ারেন্টিন নিশ্চিত করতে হবে, জরুরি সেবায় নিয়োজিত প্রতিষ্ঠান ছাড়া সব সরকারি-বেসরকারি অফিস/প্রতিষ্ঠান/শিল্প কারখানা পরিচালনা করতে হবে অর্ধেক জনবল দিয়ে। গর্ভবতী/অসুস্থ/৫৫ বছরের বেশি বয়সী কর্মীদের বাড়িতে থেকে কাজের ব্যবস্থা করতে হবে, সভা, সেমিনার, প্রশিক্ষণ কর্মশালা যথাসম্ভব অনলাইনে আয়োজনের ব্যবস্থা করতে হবে, সশরীরে উপস্থিত হতে হয়-এমন যে কোনো ধরনের গণপরীক্ষার ক্ষেত্রে যথাযথ স্বাস্থ্যবিধি পরিপালন নিশ্চিত করতে হবে, হোটেল-রেঁস্তোরায় ৫০ শতাংশ আসনের বেশি মানুষ বসানো যাবে না, কর্মক্ষেত্রে প্রবেশ এবং অবস্থানকালে বাধ্যতামূলকভাবে মাস্ক পরা এবং অন্যান্য স্বাস্থ্যবিধি পরিপালন নিশ্চিত করতে হবে। মেয়র জানান সরকারের জারীকৃত ১৮ দফা নির্দেশনা বাস্তবায়নে চসিকের বিশেষ পর্যবেক্ষন টিম সার্বক্ষনিক ভাবে মাঠে থাকবে এবং প্রশাসনকে সহযোগিতা করবে।

গাউছিয়া হক মঞ্জিল মাইজভান্ডারী (রঃ) ট্রাস্টের পক্ষ থেকে
সুবিধাবঞ্চিতদের অনুদান প্রদান অনুষ্ঠানে মেয়র

সকল ধর্ম বিশ্বাস অনুযায়ী সেবাই পরম ধর্ম

চট্টগ্রাম-৩০ মার্চ'২০২১খ্রিঃ

চট্টগ্রাম সিটি করপোরেশনের মেয়র মোঃ রেজাউল করিম চৌধুরী বলেছেন, মানুষ হয়ে জন্মালেই প্রকৃত মানুষ হওয়া যায় না। পশুত্ব বোধ মনুষ্যত্বকে কালিমা লিপ্ত করে। আবার পশুর মধ্যেও এমন কিছু বোধ থাকে যা সব মানুষের মধ্যে থাকে না। যেমন কুকুরের প্রভুভক্তি, বিষাক্ত সাপও তাকে আক্রমণ না করলে সে ছোবল দেয় না। তাই মানুষের মানবিক গুণ থাকার পাশাপাশি সকল প্রাণি-জীব-প্রকৃতির প্রতি অপার ভালবাসা ও মমত্ব থাকতে হবে, সৃষ্টার প্রতি আনুগত্য ও ভরসা রাখতে হবে-দুর্বিনীত করোনা কাল আমাদের এই শিক্ষা দিয়েছে। মনে রাখতে হবে সকল ধর্ম বিশ্বাস অনুযায়ী সেবাই পরম ধর্ম। মাইজভান্ডারী গাউছিয়া কমিটি করোনাকালে ধর্ম-বর্ণ নির্বিশেষে সেই মানবিক সেবা কর্ম পালন করে আমাদের ধন্য করেছে।

তিনি গত সোমবার দুপুরে নগর ভবনের সম্মেলন কক্ষে মাইজভান্ডারী গাউছিয়া কমিটি বাংলাদেশের চট্টগ্রাম মহানগর এলাকার শাখা সমূহের মাধ্যমে দুর্যোগ প্রশমন সহায়তা প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এ কথা বলেন। তিনি বলেন, পীর-আউলিয়া-পয়গম্বরা এতদ্ অঞ্চলের ইসলাম প্রচারের পূর্বশর্ত হিসেবে মানব সেবাকে প্রাধান্য দিয়েছিলেন এবং সেবা, শান্তি-মানবতা ইসলামের মূল মর্মবাণী। তিনি করোনাকালে মাইজভান্ডারী গাউছিয়া কমিটির ভূমিকা ও অবদানে সন্তোষ প্রকাশ করে বলেছেন, করোনায় আক্রান্ত হয়ে মৃত অনেকের লাশ স্বজনেরা যখন গ্রহণ করতে চায়নি তখন গাউছিয়া কমিটির স্বেচ্ছাসেবক টিম ঐ লাশ গ্রহণ করে ধর্মীয় রীতি অনুযায়ী গোছল ও দাফন করেছেন। এমনকি ভিন্ন ধর্মাবলম্বীদের মরদেহ তাদের ধর্মীয় রীতি অনুযায়ী সৎকার করেছেন। এটা একটা অনন্য মানবিক নজির। আমি আশাকরি, করোনার দ্বিতীয় ঢেউ মোকাবেলায় তাদের মানবিক সেবা ও ত্রাণ সহয়তা অব্যাহত রাখবে।

এসময় উপস্থিত ছিলেন ট্রাষ্টের প্রশাসনিক কর্মকর্তা তানভীর হোসাইন, আলহাজ্ব আশরাফুজ্জামান, এস.এম শাহাবুদ্দিন আহমেদ, ফজলুল হক ফজু, নাসির মোহাম্মদ, এম শামসুল ইসলাম, মোঃ ওমর ফারুক, শফিকুল ইসলাম, ডাঃ কামরুজ্জামান, এস.এম. শাহনেওয়াজ, কামাল উদ্দিন. জাগির চেয়ারম্যান, মেজবাহ উদ্দিন মেজবা, এসকান্দর আহমেদ, এস.এম মঞ্জু, এসকান্দর হোসেন, মোঃ ইকবাল জোবায়ের। অনুষ্ঠান শেষে মেয়র মোঃ রেজাউল করিম চৌধুরী গাউছিয়া কমিটির পক্ষ থেকে ৪১ ওয়ার্ডের প্রতিটিতে সুবিধাবঞ্চিত পরিবারের হাতে দূর্যোগ কালীণ ত্রাণ অনুদান তুলে দেন।

(প্রেস বিজ্ঞপ্তি - ৩)

সিটি মেয়রের সাথে চান্দগাঁও আবাসিক এলাকা কল্যাণ সমিতি নেতৃবৃন্দের মতবিনিময় সভা অনুষ্ঠিত

চট্টগ্রাম-৩০ মার্চ'২০২১খ্রিঃ

চট্টগ্রাম সিটি করপোরেশনের মেয়র মোঃ রেজাউল করিম চৌধুরী বলেছেন, এই চট্টগ্রামে বসবাসকারী সকলকে মনে করতে হবে চট্টগ্রাম আমাদের। পাহাড়, নদী, সাগর বেষ্টিত সবুজ শ্যামলীর এই প্রিয় চট্টগ্রামকে অযত্ন অবহেলায় আমরাই শেষ করে দিচ্ছি। জলাবদ্ধতার মতো দুর্ভোগের স্বীকার হচ্ছি নিজেদের কারণে। তিনি বলেন, অতীতের সকল ধারাকে ভেঙ্গে আমাদের ভবিষ্যৎ প্রজন্মের জন্য একটি বাসযোগ্য, নিরাপদ পরিকল্পিত নগরী গড়ে তুলতে চাই। মেয়র এব্যাপারে সকলের সহযোগিতা কামনা করেন। গত সোমবার সন্ধ্যায় টাইগারপাসস্থ চসিক সম্মেলন কক্ষে চান্দগাঁও আবাসিক এলাকা কল্যাণ সমিতি নেতৃবৃন্দের সাথে মতবিনিময় সভায় তিনি এসব কথা বলেন। এসময় মেয়রের একান্ত সচিব মুহাম্মদ আবুল হাশেম, চান্দগাঁও আ/এ কল্যাণ সমিতি বি-ব্লকের সভাপতি এড.জিয়াউদ্দিন আহাম্মদ, সহ-সভাপতি নুরুল আবছার, সাধারণ সম্পাদক ইঞ্জিনিয়ার মোহাম্মদ ইসমাইল, জুবায়ের হাছান চৌধুরী, এড.বদরুল হুদা মামুন, ডা.মো.জাহাঙ্গীর উদ্দীন চৌধুরী, মো.নাসির উদ্দীন, মুহাম্মদ তারেকুল ইসলাম সেন্টু, মাওলানা মোহাম্মদ আবদুল্লাহ, আবু বক্কর চৌধুরী, আসিফ মাহমুদ জুয়েলসহ অন্যান্য নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন। মেয়র চান্দগাঁও আবাসিক এলাকা কল্যাণ সমিতি নেতৃবৃন্দের বক্তব্য ও দাবি দাওয়া ধৈর্য সহকারে শুনেন এবং সমাধানের আশ্বাস দেন। সভার শুরুতে মেয়রকে চান্দগাঁও আবাসিক এলাকা কল্যাণ সমিতির পক্ষ থেকে মানপত্র, ক্রেস্ট ও ফুলেল শুভেচ্ছা জানানো হয়।

(প্রেস বিজ্ঞপ্তি - ৪)

বহদ্দারহাটে অবৈধ দোকান-পাট উচ্ছেদ ও ১০ হাজার টাকা জরিমানা করল চসিক ভ্রাম্যমান আদালত

চট্টগ্রাম- ৩০ মার্চ ২০২১

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে গতকাল (২৯.০৩.২০২১) সোমবার সকালে মোবাইল কোর্ট পরিচালিত হয়। অভিযানকালে নগরীর চাঁদগাও থানাধীন বহদ্দারহাট কাঁচাবাজারের সামনে এবং আশে-পাশের ফুটপাত ও রাস্তার উপর অবৈধভাবে তরমুজসহ বিভিন্ন ফলের দোকান বসিয়ে পথচারী চলাচলের বিঘ্ন সৃষ্টি করায় অবৈধ দোকানপাট উচ্ছেদ করে এবং ৮জন ব্যবসায়ীর বিরুদ্ধে মামলা রুজু পূর্বক ১০,০০০ (দশ হাজার) টাকা জরিমানা আদায় করা হয়। চসিকের স্পেশাল ম্যাজিস্ট্রেট (যুগ্ম জেলা ও দায়রা জজ) জাহানারা ফেরদৌস ও নির্বাহী ম্যাজিস্ট্রেট মারুফা বেগম নেলী'র নেতৃত্বে এই মোবাইল কোর্ট পরিচালিত হয়।

অভিযানকালে সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা, কর্মচারী, চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ ম্যাজিস্ট্রেটকে সহায়তা প্রদান করেন।

সংবাদদাতা
স্বাক্ষরিত/-
(কালাম চৌধুরী)
জনসংযোগ কর্মকর্তা (অতি. দায়িত্ব)
চট্টগ্রাম সিটি কর্পোরেশন।
মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩